ইনকিলাব

তারিখ 8 AUG 2012
পৃষ্ঠা ... কলাম ...

বেসরকারি শিক্ষক নিয়োগের ক্ষেত্রে স্বতন্ত্র কমিশন গঠনের দাবি

স্টাফ রিপোর্টার : বেসরকারি শিক্ষকদের জন্য স্থায়ী শিক্ষা কমিশন ও নিয়োগের ক্ষেত্রে স্বতন্ত্র কমিশন গঠনসহ আট দফা দাবি জানিয়েছে শিক্ষক-কর্মচারী ফ্রন্ট। গতকাল রোববার ঢাকা রিপোর্টার্স ইউনিটি (ডিআরইউ) মিলনায়তনে আয়োজিত সংবাদ সম্মেলনে এ দাবি জানানো হয়। দাবি আদায়ে বিভিন্ন কর্মসূচিরও ঘোষণা দেয়া হয়।

অন্যান্য দাবিগুলো হলো- বেসরকারি শিক্ষক-কর্মচারীদের অবসরের বয়স ৬৫ বছরে উন্নীতকরণ, তাদের চিকিৎসা ভাতা, বাড়ি ভাড়া বৃদ্ধি করা, পার্বত্য এলাকার শিক্ষক-কর্মচারীদের জন্য ৩০ শতাংশ পাহাড়ি ভাতা চালু, শিক্ষার উন্নয়নে শ্রেণীকক্ষে পাঠদান উন্নয়ন পর্যবেক্ষণ, পরীক্ষা ও মূল্যায়ন ব্যবস্থা এবং শিক্ষা প্রতিষ্ঠান ব্যবস্থাপনা পদ্ধতির সংস্কার।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন ফ্রন্টের প্রধান সমন্বয়কারী অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ।

এসব দাবি আদায়ের লক্ষ্যে আগামী ১১ আগস্ট উপজেলা সদরে শিক্ষার্থীদের অভিভাবক, পেশাজীবী ও স্থানীয় সংসদ সদস্যদের সঙ্গে মতবিনিময়, ১৪ আগস্ট জেলা সদরে স্থানীয় অভিভাবক ও জনপ্রতিনিধিদের সঙ্গে মতবিনিময়, ১ সেপ্টেম্বর জেলা সদরে সংবাদ সম্মেলন, ৯ এবং ১১ সেপ্টেম্বর উপজেলা ও জেলা সদরে বিক্ষোভ মিছিল এবং প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রীকে স্মারকলিপি প্রদান, ১৫ সেপ্টেম্বর জেলা সদরে অবস্থান ধর্মঘট ও প্রতীকী অনশন, ২০ সেপ্টেম্বর সব বিভাগে শিক্ষক-কর্মচারী মহাসমাবেশ এবং দাবি বাস্তবায়ন না হলে আগামী ৩০ সেপ্টেম্বর ঢাকায় জাতীয় মহাসমাবেশ কর্মসূচি ঘোষণা দেয়া হয়।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য তুলে ধরেন শিক্ষক-কর্মচারী ফ্রন্টের প্রধান সমন্বয়কারী অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ। এসময় অন্যান্যের মধ্যে বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির (একাংশ) সাধারণ সম্পাদক অধ্যাপক আসাদুল হক, বাংলাদেশ কারিগরি কলেজ শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ এমএ সাত্তার, বাংলাদেশ বেসরকারি অধ্যক্ষ সমিতির আবহ্বায়ক অধ্যক্ষ মিজানুর রহমান চৌধুরী প্রমুখ উপস্থিত ছিলেন।